# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**27-04-2026** **Time: 1.40 PM**

বিশেষ বিশেষ খবর -

১) রাজ্যে বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফার জন্য প্রচারাভিযান, আজ সন্ধ্যায় শেষ হচ্ছে। এই দফায় আগামী ২৯ শে এপ্রিল সাতটি জেলার ১৪২ টি আসনে ভোট নেওয়া হবে।

২) সুপ্রিম কোর্টের নির্দেশে আপিল ট্রাইবুনালে নিষ্পত্তির পর দ্বিতীয় দফার জন্য ভোটারদের সাপ্লিমেন্টারি তালিকা আজ'ই প্রকাশিত হওয়ার কথা।

৩) প্রচারের শেষ দিনে আজ সবক'টি রাজনৈতিক দলই শেষ মূহূর্তের জনসংযোগ সারতে ব্যস্ত। বরিষ্ঠ বিজেপি নেতা নরেন্দ্র মোদী বলেছেন, বাংলার মানুষ তৃণমূল কংগ্রেস সরকারকে ১৫ বছর সুযোগ দিলেও তারা জনগণের কল্যাণে ব্যর্থ।

তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় বলেছেন, ভোটের আগে বিজেপি একাধিক প্রতিশ্রুতি দিলেও নির্বাচনের পর তাদের দেখা মেলে না।

৪) দ্বিতীয় দফার নির্বাচনের আগে ভোটারদের আস্থা বাড়াতে অশান্তি সৃষ্টি করতে পারে এমন দেড় হাজারের বেশি দুষ্কৃতিকে গ্রেফতার করেছে পুলিশ।

৫) উত্তর ২৪ পরগণার জগদ্দল থানার সামনে, তৃণমূল কংগ্রেস ও বিজেপির কর্মী সমর্থকদের সংঘর্ষের ঘটনায় চারজনকে গ্রেপ্তার করেছে পুলিশ।

oooooooooooooooooooooooo

রাজ্যে বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফার জন্য প্রচারাভিযান, আজ সন্ধ্যায় শেষ হচ্ছে। এই দফায় আগামী ২৯ শে এপ্রিল সাতটি জেলার ১৪২ টি আসনে ভোট নেওয়া হবে। দ্বিতীয়

দফায় রাজ্যের মোট বুথের সংখ্যা- ৪১ হাজার একটি। এর মধ্যে প্রধান বুথ- ৩৯ হাজার ৩০১ টি। সহায়ক বুথ প্রায় ১৭ শ'। মোট ২ হাজার ৩২১ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী, এই দফায় মোতায়েন করা হচ্ছে। পাশাপাশি থাকছেন ১৪২ জন সাধারণ পর্যবেক্ষক, ৯৫ জন পুলিশ পর্যবেক্ষক এবং ১০০ জন ব্যয় পর্যবেক্ষক।

এদিকে, সুপ্রিম কোর্টের নির্দেশে আপিল ট্রাইবুনালে নিষ্পত্তির পর দ্বিতীয় দফার জন্য ভোটারদের সাপ্লিমেন্টারি তালিকা আজ'ই প্রকাশিত হওয়ার কথা। তালিকায় যাদের নাম অন্তর্ভুক্ত হবে, তারা এই পর্বে ভোট দিতে পারবেন।

oooooooooooooooooooooo

প্রচারের শেষ দিনে আজ সবক'টি রাজনৈতিক দলই শেষ মুহূর্তের জনসংযোগ সারতে ব্যস্ত।

বরিষ্ঠ বিজেপি নেতা **নরেন্দ্র মোদী** আজ উত্তর ২৪ পরগনার জগদ্দলে দলীয় প্রার্থীর সমর্থনে জনসভা করেন। সভা মঞ্চ থেকে তিনি বলেন, বাংলার মানুষ তৃণমূল কংগ্রেস সরকারকে ১৫ বছর সুযোগ দিয়েছে কিন্তু এই সময় তারা নারী সুরক্ষা, কৃষক, যুবক, মানুষের জন্য কিছুই করেননি। বিজেপি ক্ষমতায় এলে নব বাংলা নির্মাণের মন্ত্রকে পাথেয় করে কাজ করবে। চার তারিখের পর বিজেপি সরকারই শপথ নেবে বলে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন শ্রী মোদী।

(বাইট – নরেন্দ্র মোদী)

অপর বরিষ্ঠ বিজেপি নেতা অমিত শাহ বেহালা থানা থেকে ম্যানটন পর্যন্ত রোড শো করেন। তিনি বলেন, বিজেপি সরকার ক্ষমতায় এলে অনুপ্রবেশকারীদের বাংলা থেকে বিতাড়িত করা হবে। ক্ষমতায় আসার ৪৫ দিনের মধ্যে সীমান্তে বেড়া দেওয়ার জন্য জমি সংক্রান্ত সমস্যার সমাধান হবে।

এর আগে আজ সকালে গঙ্গাসাগরে কপিলমুণির আশ্রমে পুজো দেন শ্রী শাহ্।

হুগলীর চন্দননগরেও, রোডশোতে অংশ নেবেন তিনি।

আরেক বিজেপি নেতা **অশ্বিনী বৈষ্ণ** আজ কুলতলি, বসিরহাট দক্ষিণ ও বসিরহাট উত্তর বিধানসভা কেন্দ্রের দলীয় প্রার্থীদের সমর্থনে প্রচার করছেন।

উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী **আদিত্যনাথ** আজ বাগুইয়াটিতে জনসভা করবেন।

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ যাদবপুর ও টালিগঞ্জ কেন্দ্রে দলীয় প্রার্থীদের সমর্থনে পদযাত্রা করবেন। পরে নিজের কেন্দ্র ভবানীপুরে জনসংযোগ কর্মসূচী রয়েছে তাঁর।

দলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যপাধ্যায়, নদীয়ার হরিণঘাটায় এক জনসভায় বলেন, ভোটের আগে বিজেপি একাধিক প্রতিশ্রুতি দিলেও নির্বাচনের পর তাদের দেখা মেলে না। পরিকল্পনা করেই মতুয়া থেকে শুরু করে একাধিক বৈধ ভোটারের নাম তালিক থেকে কাটা হয়েছে। ১-শো দিনের কাজ, জলজীবন মিশন সহ একাধিক প্রকল্পে রাজ্যকে বঞ্চনা করা হয়েছে বলেও ফের অভিযোগ করেন তিনি।

(বাইট – অভিষেক)

হুগলী, আরামবাগ এবং মহেশতলায় দলীয় প্রার্থীদের সমর্থনে প্রচারের কর্মসূচী রয়েছে তাঁর।

সিপিআইএম-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম, নদীয়ার কৃষ্ণনগরে দলীয় প্রার্থীর সমর্থনে রোডশো করেন। সাংবাদিকদের তিনি বলেন, এবারের নির্বাচনে তৃণমূল কংগ্রেসের পরাজয় অবশ্যম্ভাবী। বিজেপি দেশের মানুষ তথা, বেকার যুবদের অধিকার কেড়ে নিচ্ছে বলেও তার অভিযোগ।

(বাইট - সেলিম)

**কংগ্রেস** নেতারাও আজ নিজ নিজ কেন্দ্রে প্রচারে অংশ নিচ্ছেন।

oooooooooooooooooooooo

দ্বিতীয় দফার নির্বাচনে অবাধ ও শান্তিপূর্ণ ভোটদান নিশ্চিত করতে ও ভোটারদের আস্থা বাড়াতে নির্বাচন কমিশনের নির্দেশে পুলিশ গত ৩৬ ঘণ্টায় অশান্তি সৃষ্টি করতে পারে এমন দেড় হাজারের বেশি দুশকৃতিকে গ্রেফতার করেছে। এর মধ্যে পূর্ব বর্ধমানে তৃণমূল কংগ্রেসের কাউন্সিলর নারু ভগতও রয়েছেন। শুধুমাত্র গতকাল দুপুর থেকে আজ সকাল পর্যন্ত অভিযানে রাজ্য জুড়ে গ্রেফতার করা হয়েছে মোট ১০৯৫ জনকে। জেলা ভিত্তিক হিসাবে পূর্ব বর্ধমানে সবচেয়ে বেশি ৪৭৯ জনকে গ্রেফতার করেছে পুলিশ। তার পরেই রয়েছে উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, এই দুই জেলা থেকে ৩১৯ এবং ২৪৬ জনকে পাকড়াও করা হয়েছে। এছাড়া নদিয়া থেকে ৩২, হুগলি থেকে ৪৯, হাওড়া থেকে ৩২ এবং কলকাতা উত্তরে ১০৯ জনকে গ্রেফতার করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে দ্বিতীয় দফা নির্বাচনে হিংসার ঘটনা বাড়তে পারে এই আশঙ্কায় কলকাতা হাইকোর্টে জনস্বার্থ মামলা দায়ের করেছেন এক আইনজীবী। তাঁর দাবী, প্রথম দফা নির্বাচনে বিভিন্ন জায়গায় বিক্ষিপ্ত অশান্তির ঘটনা সামনে এসেছে।

দ্বিতীয় দফা ভোটের আগে রাজ্যের একাধিক এলাকা থেকে প্রায় তিন হাজার বোমা উদ্ধার হয়েছে। এই পরিস্থিতিতে নিরাপত্তা নিশ্চিত করতে অবিলম্বে আদালত হস্তক্ষেপের দাবী জানিয়েছেন তিনি।

আজ অথবা আগামীকাল মামলাটির শুনানির সম্ভাবনা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

দ্বিতীয় দফার নির্বাচনের আগে উত্তর ২৪ পরগণার জগদ্দল থানার সামনে, তৃণমূল কংগ্রেস ও বিজেপির কর্মী সমর্থকদের সংঘর্ষের ঘটনায় চারজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। এদের মধ্যে ভাটপাড়া পুরসভার দু-নম্বর ওয়ার্ডের তৃণমূল কংগ্রেস কাউন্সিলার গোপাল রাউত'ও রয়েছেন। ধৃত কৌশিক দাস, সিকান্দার প্রসাদ এবং শ্যামদেব সাউ'ও তৃণমূল কংগ্রেস কর্মী বলে খবর। বাকি অভিযুক্তদের খোঁজে তল্লাশি চলছে। ধৃতদের আজ ব্যারাকপুর আদালতে তোলা হবে।

এই ঘটনায় নির্বাচন কমিশন পুলিশের কাছে রিপোর্ট তলব করেছে বলে সূত্রের খবর।

এদিকে, কাউন্সিলারের গ্রেপ্তারের প্রতিবাদে ভাটপাড়া থানার সামনে আজ বিক্ষোভ দেখায় তৃণমূল কংগ্রেস কর্মী সমর্থকরা। গণ্ডগোলের ঘটনায় গুলিবিদ্ধ, ভাটপাড়ার বিজেপি প্রার্থী পবন কুমার সিং-এর দেহরক্ষী CISF জওয়ান যোগেশ শর্মাকে কলকাতার একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়েছে।

উল্লেখ্য, গতসন্ধ্যায় স্থানীয় একটি গন্ডগোলের পর বিজেপি প্রার্থী অর্জুন সিং এবং রাজেশ কুমার, জগদ্দল থানায় অভিযোগ জানাতে যান। সেসময়ে তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীরা তাঁদের ওপর হামলা চালায় বলে বিজেপির দাবী। দু'পক্ষের কর্মী সমর্থকদের মধ্যে ফের সংঘর্ষে মুহূর্তে এলাকা রণক্ষেত্রের চেহারা নেয়। চলে ইঁট বৃষ্টি। পরিস্থিতি সামাল দিতে পুলিশকে লাঠিচার্জ করতে হয়। ঘটনাস্থলে পৌঁছয় কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা। এরপরই, ভাটপাড়ার বিজেপি প্রার্থী, বিদায়ী বিধায়ক পবন সিং-এর বাড়ি লক্ষ্য করে হামলার অভিযোগ ওঠে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে। সেই সময়েই গুলিবিদ্ধ হন পবনের নিরাপত্তার দায়িত্বে থাকা CISF জওয়ান।

যদিও, যাবতীয় অভিযোগ অস্বীকার করে তৃণমূল কংগ্রেসের পাল্টা দাবী, তাঁদের কর্মীদের ওপরেই আক্রমণ চালানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

হুগলির গোঘাটের শ্যাওড়া পঞ্চায়েত এলাকার বিজেপির মিছিলে হামলা এবং প্রচার গাড়ি ভাঙচুরের অভিযোগ উঠেছে তৃণমূলের বিরুদ্ধে। গাড়ি লক্ষ্য করে বোমা ছোড়া হয় বলেও অভিযোগ। এই ঘটনায় ২২ জন বিজেপি কর্মী আহত হয়েছেন বলে দলের পক্ষ থেকে জানানো হয়েছে। তাদের আরামবাগ মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী গিয়ে কয়েকজনকে আটক করেছে। যদিও হামলার কথা অস্বীকার করেছে তৃণমূল কংগ্রেস।

০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার হাবড়ায় একটি প্রাথমিক বিদ্যালয়ের সামনে থেকে বোমা উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। দক্ষিণ সরাই নিম্নবুনিয়াদী প্রাথমিক বিদ্যালয়ের সামনে আজ সকালে ৮-টি বোমা পড়ে থাকতে দেখেন স্থানীয়রা। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে পুলিশ সেগুলিকে উদ্ধার করে নিয়ে যায়।

০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রচারে আপত্তিকর মন্তব্যের অভিযোগে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর প্রার্থী পদ খারিজের আবেদন জানিয়ে দায়ের হওয়া জনস্বার্থ মামলা খারিজ করে দিয়েছে কলকাতা হাইকোর্ট। মামলাকারীর অভিযোগ, বিরোধী দলনেতার বক্তব্য জনমানসে বিরুদ্ধে প্রভাব ফেলতে পারে জানা সত্ত্বেও তিনি গত ৩ এপ্রিল প্রচারে ভবানীপুর বিধানসভা কেন্দ্রে ও পরে মেদিনীপুরে আপত্তিকর মন্তব্য করেছেন।
প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথি সেনের বেঞ্চ, মামলাকারীর কাছে জানতে চান সংবিধানের কোন ধারায় তার প্রার্থীপদ বাতিলের আবেদন জানানো হয়েছে। কিন্তু মামলাকারীর পক্ষের আইনজীবীরা কোন উত্তর দিতে না পারায় মামলা খারিজ করে দিয়েছেন প্রধান বিচারপতির বেঞ্চ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা বিশ্ববিদ্যালয়ের স্নাতক স্তরের পাঠক্রমে বদল আনার ভাবনাচিন্তা শুরু করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। উপাচার্য আশুতোষ ঘোষ এব্যাপারে আজ বোর্ড অফ স্টাডিজের চেয়ারপার্সনদের সঙ্গে আলোচনা করবেন। ২০২৩ থেকে নতুন পাঠ্যক্রমে স্নাতকের পঠনপাঠন চলছে। আকাশবাণীকে তিনি জানান, বিজ্ঞানসম্মত দিক থেকে তিন বছর অন্তর সিলেবাসে বদল করা দরকার। সেই কারণেই এব্যাপারে ভাবনা চিন্তা করা হচ্ছে। ছাত্রছাত্রীদের সুবিধা-অসুবিধার দিকগুলি মাথায় রেখেই এ ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হবে বলে উপাচার্য জানিয়েছেন। তবে স্নাতক স্তরে সম্প্রতি অকৃতকার্যের হার বাড়ছে বলে শিক্ষকদের একাংশের বক্তব্য। সিলেবাসে বদল আনার ক্ষেত্রে এই বিষয়টিও বিবেচনা করা হবে বলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছেন।

oooooooooooooooooooooo

বৃষ্টি এবং মেঘলা আকাশের কারণে আজ থেকে রাজ্যজুড়ে তাপমাত্রার পারদ কিছুটা কমেছে। আজ থেকে রাজ্যের বিভিন্ন জেলায় বৃষ্টির পরিমাণ বাড়বে। সারা সপ্তাহ জুড়েই রয়েছে বৃষ্টির পূর্বাভাস। বীরভূম, মুর্শিদাবাদ, নদিয়া, পূর্ব ও পশ্চিম বর্ধমান, বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর জেলায় আজ বৃষ্টির পরিমাণ বেশি থাকবে, রয়েছে কমলা সর্তকতা। কোথাও কোথাও ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে দমকা হাওয়া হয়ে যেতে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন। শিলাবৃষ্টির সম্ভাবনা রয়েছে বাঁকুড়া ও পশ্চিম মেদিনীপুর জেলায়। কলকাতা পার্শ্ববর্তী এলাকাতেও আগামী চার পাঁচ দিন বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি ঝড় বৃষ্টির সম্ভাবনা থাকছে। মৎস্যজীবীদের আগামী চারদিন সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

এদিকে, উত্তরবঙ্গের প্রায় সব জেলাতেই বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। উত্তরের ৫ টি জেলায় বৃষ্টির পরিমাণ বেশি থাকবে। কত ২৪ ঘন্টায় সর্বাধিক বৃষ্টির রেকর্ড করা হয়েছে দক্ষিণ দিনাজপুরের মাজিয়ানে ৪০ মিলিমিটারের বেশি।

oooooooooooooooooooooo